গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
কুমিল্লা
www.dpe.comilla.gov.bd

স্মারক নং-৩৮.০১.১৯০০.০০০.০৬.০০৪.২০-১৪২৮ তারিখ- ০৭ মে ২০২৪

বিষয়- ৪+ শ্রেণিতে পাঠদানকারী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগনের বিশেষায়িত প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

সূত্র- ১। প্রাশিঅ, ঢাকা মহোদয়ের নং-৩৮.০১.০০০০.৩৪৬.৯৯.০০৩.২০২৩-২০১ তারিখ-২৮/০৪/২০২৩ খ্রিঃ।
২। সুপারি পিটিআই, কুমিল্লা-৩৮.০১.১৯০০.০০০.২৫.০০৩.২৩-১৩৪ তারিখ- ০২/০৫/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি-৪) এর আওতায় ২০২৩-২৪ অর্থ বছরে ৪+ বয়সী শিশুদের পাঠদানকারী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগনের বিশেষায়িত প্রশিক্ষণ নিম্লোক্ত সময় সূচী ও বিভাজন মোতাবেক প্রাপ্ত কোটা অনুযায়ী পিটিআই কুমিল্লায় অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণ কোর্সে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা কর্তৃক প্রেরিত সূত্রোক্ত ১ নং স্মারকের আলোকে প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত সংযুক্ত পত্রের 'ঙ', 'চ' এবং 'ঝ' ক্রমিকের নির্দেশনার আলোকে শিক্ষকগনকে মনোনয়ন প্রদানসহ নির্দিষ্ট সময়ে উপস্থিত নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | তারিখ | উপজেলার নাম ও প্রাপ্ত সংখ্যা | মোট অংশ গ্রহনকারীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ০৯/০৫/২০২৪ খ্রিঃ হতে ১৫/০৫/২০২৪ | আদর্শ সদর-০৯, লাকসাম-০৯, দেবিদ্বার-০৭ ও মুরাদনগর-০৫ | ৩০ জন | |
| ০২ | ১৬/০৫/২০২৪ খ্রিঃ হতে ২৩/০৫/২০২৪ **(২২/০৫/২০২৪ খ্রিঃ বৌদ্ধ পূর্ণিমা উপলক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ থাকবে)** | মুরাদনগর-০৪, দাউদকান্দি-০৯, চৌদ্দগ্রাম-০৭, ব্রাক্ষণপাড়া-০৪ ও বরুড়া-০৬ | ৩০ জন | |
| ০৩ | ২৪/০৫/২০২৪ হতে ৩০/০৫/২০২৪ খ্রিঃ | বুড়িচং-০৫, চান্দিনা-০৬, হোমনা-০৪, নাঙ্গলকোট-০৫, মেঘনা-০২. মনোহরগঞ্জ-০২, তিতাস-০২, সদর দক্ষিণ-০২ ও লালমাই-০২ | ৩০ জন | |

০৭/০৫/২০২৪
মোঃ সফিউল আলম
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
কুমিল্লা।
ফোন: ০২৩৩৪৪০১২২৭
email-dpeocomil@gmail.com

উপজেলা শিক্ষা অফিসার (সকল)
কুমিল্লা।

স্মারক নং-৩৮.০১.১৯০০.০০০.০৬.০০৪.২০-১৪২৮/৪ তারিখ- ০৭ মে ২০২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩। সুপারিনটেনডেন্ট, কুমিল্লা পিটিআই, কুমিল্লা।
৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬

স্মারক নংঃ ৩৮.০১.০০০০.৩৪৬.৯৯.০০৩.২০২৩-২০১

তারিখঃ ১৫ বৈশাখ ১৪৩১
২৮ এপ্রিল ২০২৪

**বিষয়: ৪+ শ্রেণিতে পাঠদানকারী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের বিশেষায়িত প্রশিক্ষণ আয়োজন।**

**সূত্র: ৩৮.১৫০.১৮০.০২৫.০০.০২.০০.১১৯.২০১৯-৯২৫ তারিখ: ২৪/০৪/২০২৪**

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) এর আওতায় ৪+ বয়সী শিশুদের পাঠদানকারী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের বিশেষায়িত প্রশিক্ষণের আয়োজনের জন্য অর্থবিভাগ থেকে ইতোমধ্যে বাজেট বিভাজন অনুযায়ী সংশ্লিষ্ট পিটিআই সুপারিনটেনডেন্ট এর অনুকূলে প্রয়োজনীয় অর্থ ছাড় করা হয়েছে।

২। ৪+ শ্রেণিতে পাঠদানকারী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের উক্ত বিশেষায়িত প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে নিম্নবর্ণিত নির্দেশনাবলি অনুসরণপূর্বক যথাযথভাবে প্রশিক্ষণ পরিচালনার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ক. বর্ণিত প্রশিক্ষণটি আগামী ০৪/০৫/২০২৪ তারিখ থেকে শুরু করতে হবে। কোনো বিশেষ কারণে প্রশিক্ষণের সময় পরিবর্তন করতে হলে সেক্ষেত্রে পরিচালক (পলিসি এন্ড অপারেশন) বিভাগের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। সাপ্তাহিক ছুটির দিন (শুক্র ও শনিবার) প্রশিক্ষণ কার্যক্রম চলমান থাকবে। শুধু সরকার কর্তৃক নির্ধারিত ছুটির দিনসমূহে প্রশিক্ষণ বন্ধ থাকবে।

খ. ইতোমধ্যে প্রাক-প্রাথমিক স্তরের বিশেষায়িত প্রশিক্ষণপ্রাপ্ত মাস্টার ট্রেইনারগণ প্রশিক্ষকের দায়িত্ব পালন করবেন (প্রশিক্ষকের তালিকা সংযুক্ত)। কোনো অবস্থাতেই প্রশিক্ষক প্রশিক্ষণবিহীন কর্মকর্তাকে প্রশিক্ষকের দায়িত্ব প্রদান করা যাবে না। সংযুক্ত তালিকার বাইরে অন্য কোনো কর্মকর্তা প্রশিক্ষকের দায়িত্ব পালন করতে পারবেন না।

গ. কোনো জেলায় প্রশিক্ষণপ্রাপ্ত প্রশিক্ষকের বদলীজনিত কারণে প্রশিক্ষক শূন্যতা দেখা দেয় সেক্ষেত্রে নিকটবর্তী জেলার প্রশিক্ষণপ্রাপ্ত প্রশিক্ষককে মনোনয়ন দিতে হবে।

ঘ. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (উপজেলা/থানা শিক্ষা অফিসার প্রতিটি উপজেলা/থানায় নির্বাচিত ৪+ বয়সী শিশুদের জন্য পাঠদানকারী শিক্ষকগণকে সংশ্লিষ্ট পিটিআইতে প্রশিক্ষণের জন্য ডেপুটেশন প্রদান করবেন এবং শিক্ষকদের প্রশিক্ষণ এর তথ্য PEMIS সফটওয়্যারে এন্ট্রি করবেন।

ঙ. সারাদেশে ৩২১৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৪+ বয়সী শিশুদের পাঠদানকারী শিক্ষককে এ প্রশিক্ষণ প্রদান করা হবে। ইতোমধ্যে ২০২২-২৩ অর্থ বছরের ২০২৩ শিক্ষাবর্ষে ৪+ শ্রেণিতে পাঠদানকারী শিক্ষকদের এই প্রশিক্ষণটি প্রদান করা হয়েছে। প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে ২০২৪ সালে ৪+ শ্রেণিতে পাঠদানকারী শিক্ষককে অগ্রাধিকার দিতে হবে। এখানে উল্লেখ্য যে, যদি ৪+ শ্রেণিতে পাঠদানকারী শিক্ষক ২০২৩ সালে প্রশিক্ষণ গ্রহণ করে থাকেন, তবে উক্ত বিদ্যালয়ের অন্য একজন শিক্ষক কে প্রশিক্ষণের জন্য নির্বাচন করতে হবে। কোনো ভাবেই ৪+ শ্রেণি কার্যক্রম চলমান বিদ্যালয় ব্যতীত অন্যকোনো বিদ্যালয়ের শিক্ষককে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন দেয়া যাবে না।

চ. প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থী মনোনয়নে কোনো অনিয়ম পরিলক্ষিত হলে মনোনয়নকারী কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

ছ. প্রশিক্ষণসূচি, বাজেট বিভাজন যথাযথভাবে অনুসরণপূর্বক প্রশিক্ষণ পরিচালনা করতে হবে। কোনো অবস্থাতেই এক খাতের অর্থ অন্য খাতে ব্যয় করা যাবে না। ।

জ. প্রশিক্ষনের জন্য প্রস্তুতকৃত বাজেটে জেলার শিক্ষকদের সংখ্যা উল্লেখ করা হয়েছে। উক্ত বাজেটে উল্লেখিত সমসংখ্যক শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করতে হবে। চট্টগ্রাম, চাপাইনবাবগঞ্জ ও বগুড়া জেলায় ২টি করে পিটিআইতে অর্থ ছাড় করা হয়েছে। সেক্ষেত্রে সংশ্লিষ্ট সুপারিনটেনডেন্ট ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের সাথে আলোচনা করে প্রশিক্ষণার্থী নির্বাচন করবেন।

ঝ. প্রতিদিন সকাল ৯.০০ ঘটিকা থেকে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত প্রশিক্ষন পরিচালিত হবে। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভেন্যুতে স্বাস্থ্যবিধি অনুসরণ করে উপস্থিতি নিশ্চিত করতে হবে।

ঞ. প্রশিক্ষণের সমাপনী দিনে সুপারিনটেনডেন্ট, পিটিআই অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণে অংশগ্রহণ সম্পর্কিত সনদপত্র প্রদান করবেন।

ট. প্রশিক্ষণ সমাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে dpepreprimary@gmail.com ই-মেইলে, প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন নিম্নবর্ণিত ছকে (Ms Excel) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর নিকট প্রেরণ করবেন এবং অর্থবিভাগের জিও-তে উল্লেখিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করবেন।

**"ছক(Ms Excel – এ NikoshBAN Font)"**

| ক্র: নং | শিক্ষকের নাম | পদবী | বিদ্যালয়ের নাম | ক্লাস্টারের নাম | মোবাইল নাম্বার |
|---|---|---|---|---|---|
| | | | | | |

৩। প্রশিক্ষণ কর্মশালায় আলোচক হিসেবে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তা/বিভাগীয় উপপরিচালক/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং কোর্স কো-অর্ডিনেটর হিসেবে সংশ্লিষ্ট পিটিআই এর সুপারিনটেনডেন্ট অংশগ্রহণ করবেন।

৪। প্রশিক্ষণ কার্যক্রমের বিল ভাউচার জুন মাসের নির্দিষ্ট সময়ের মধ্যে দাখিল করার সুবিধার্থে প্রয়োজন হলে একসাথে একাধিক ব্যাচ পরিচালনা করতে পারবেন।

৫। প্রশিক্ষণের জন্য সংযুক্ত বাজেট বিভাজন অনুযায়ী প্রশিক্ষণের যাবতীয় ব্যয় নির্বাহ করতে হবে। যে কোনো আর্থিক অনিয়মের জন্য সংশ্লিষ্ট পিটিআই সুপারিনটেনডেন্ট ব্যক্তিগতভাবে দায়ী থাকবে।

২৮/০৪/২০২৪

মনীষ চাকমা
অতিরিক্ত সচিব
পরিচালক (পলিসি এন্ড অপারেশন)
dirpolicydpe@gmail.com

সুপারিটেনডন্ট, পিটিটিআই (সকল)
............................................

স্মারক নংঃ ৩৮.০১.০০০০.৩৪৬.৯৯.০০৩.২০২৩-২০১

তারিখঃ ১৫ বৈশাখ ১৪৩১ / ২৮ এপ্রিল ২০২৪

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা, খুলনা, চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল, সিলেট, ময়মনসিংহ ও রংপুর বিভাগ।
২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, (সকল)। (তাঁর জেলার আওতাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৪+ বয়সী শিশুদের পাঠদানকারী সহকারি শিক্ষককগণের অংশগ্রহণ নিশ্চিতের অনুরোধসহ।)
৩। উপজেলা/থানা শিক্ষা অফিসার, (সকল)।(তাঁর উপজেলা/থানার আওতাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৪+ বয়সী শিশুদের পাঠদানকারী সহকারি শিক্ষককগণের অংশগ্রহণ নিশ্চিতের অনুরোধসহ।)
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। অফিস কপি।